



## ৬ষ্ঠ আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা ২০২২-২০২৩ এর উদ্বোধন



১৫ ফেব্রুয়ারি ২০২৩-বুধবার ক্রীড়া উপ-কমিটি (ফুটবল ও হকি), জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে নতুন ক্যাম্পাসে (কেরানীগঞ্জ) ৬ষ্ঠ আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা ২০২২-২০২৩ এর উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি অধ্যাপক ড. মো. ইমদাদুল হক।

ক্রীড়া উপ-কমিটি (ফুটবল ও হকি), জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আহবায়ক অধ্যাপক ড. মোঃ জাকির হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার ও কেন্দ্রীয় ক্রীড়া কমিটির আহবায়ক অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এবং শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম।

উল্লেখ্য এবারের ফুটবল প্রতিযোগিতায় ২ টি ইনস্টিটিউট ও ৩৬ টি বিভাগ সহ মোট ৩৮ টি দল অংশগ্রহণ করবে।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



এসময় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার প্রকৌশলী মো: ওহিদুজ্জামান, পরিচালক (পিআরআইপি) অধ্যাপক ড. চঞ্চল কুমার বোস, প্রক্টর অধ্যাপক ড. মোস্তফা কামাল, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. এ কে এম লুৎফর রহমান সহ অন্যান্য শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।